

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৬-৪৭৭

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৪  
০৯ অক্টোবর ২০১৭

বিষয়: পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাব বাস্তবায়ন।

সেপ্টেম্বর ২০১৭-এর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়:

মিয়ানমারের রাখাইন রাজ্যের রোহিঙ্গা মুসলিম জনগোষ্ঠির ওপর রাষ্ট্রীয়ভাবে পরিচালিত ব্যাপক হত্যাযজ্ঞ ও নির্যাতনের ফলে বাংলাদেশে অনুপ্রবেশকারী রোহিঙ্গা জনগোষ্ঠির সংখ্যা ইতোমধ্যে চার লক্ষ ছাড়িয়ে গেছে। অবিলম্বে এ জনগোষ্ঠিকে সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার জন্য নিম্নোল্লিখিত কার্যক্রম গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে সানুগ্রহ নির্দেশনা প্রদান করা যেতে পারে:


- (১) কুতুপালং রেজিস্টার্ড ক্যাম্প সংলগ্ন নির্দিষ্ট স্থানে অস্থায়ী শেড, ওয়ার হাউজ, রাস্তা ও ড্রেন নির্মাণ এবং পয়ঃনিষ্কাশন, বিশুদ্ধ পানি সরবরাহ ও পুলিশ/আনসার ক্যাম্প স্থাপনের কার্যক্রম গ্রহণ;
- (২) মানবিক সহায়তা প্রদানকারী বিভিন্ন দেশি-বিদেশি সংস্থার কার্যক্রম সমন্বয়ের জন্য একটি শক্তিশালী কাঠামো গঠন;
- (৩) অনুপ্রবেশকারী রোহিঙ্গা জনগোষ্ঠির বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন/ডকুমেন্টেশন কার্যক্রমে UNHCR ও IOM-কে সম্পৃক্তকরণ;
- (৪) অনুপ্রবেশকারী শিশুদেরকে জরুরি ভিত্তিতে ইপিআই-এর আওতাভুক্তকরণ;
- (৫) অনুপ্রবেশকারী রোহিঙ্গা জনগোষ্ঠির সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও গতিবিধি নিয়ন্ত্রণের লক্ষ্যে নিরাপত্তা বেটনী স্থাপন; এবং
- (৬) অনুপ্রবেশকারী রোহিঙ্গা জনগোষ্ঠির স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের স্বার্থে বিদ্যমান উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি করা।

০২। উক্ত প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

০৩। এমতাবস্থায়, পরীক্ষা-নিরীক্ষাক্রমে উল্লিখিত অনুশাসন অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫/১০/১৭  
সচিব (১১-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

  
(মঈনউল ইসলাম)  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৪৪৭


উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

ই-মেইল: [dfal\\_sec@cabinet.gov.bd](mailto:dfal_sec@cabinet.gov.bd)

তারিখ: ২৫ অক্টোবর ২০১৭

নং-৪৬.০৪৬.০১৬.০০.০০.০০৮৭.২০১৭- ১২৭০

উপর্যুক্ত বিষয়ের মর্মান্বায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরতঃ গৃহিত ব্যবস্থা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করণের জন্য অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭  
E-mail: [uzilgd@gmail.com](mailto:uzilgd@gmail.com)

০১। চেয়ারম্যান ..... উপজেলা পরিষদ চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..... উপজেলা চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলা।

০২। উপসচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা), স্থানীয় সরকার বিভাগ।

০৩। সচিব একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।